যুগান্তর

তারিখ 17 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# ঢাবিতে ফিরলেন ড. আতিউর

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

রিজার্ভের অর্থ চুরির ঘটনায় পদত্যাগের পর ড. আতিউর রহমান ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় ফিরেছেন। বুধবার বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন অধ্যয়ন বিভাগে যোগ দেন তিনি। ২০০৬ সালে এ বিভাগেই অধ্যাপনা শুরু করেছিলেন এ অর্থনীতিবিদ। তিন বছর পর ২০০৯-এ প্রেষণে গভর্নরের দায়িত্ব নিয়েছিলেন তিনি। উন্নয়ন অধ্যয়ন বিভাগের চেয়ারম্যান ড. আবু ইউসুফ বাংলাদেশ

ফিরলেন : পৃষ্ঠা ৭ : কলাম ১

## ফিরলেন : ঢাবিতে

(৩য় পৃষ্ঠার পর)

ব্যাংকের সদ্য বিদায়ী গভর্নরের যোগদানের বিষয়টি নিশ্চিত করেছেন। হ্যাকিংয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের ১০ কোটি ডলার চুরির ঘটনায় মঙ্গলবার প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করে পদত্যাগপত্র দেন তিনি। পরে সংবাদ সম্মেলনে শিক্ষকতায় ফিরে যাওয়ার কথা জানিয়েছিলেন।

ঢাবির উন্নয়ন অধ্যয়ন বিভাগে অধ্যাপক হিসেবে যোগ দেয়ার আগে নিজের গড়া প্রতিষ্ঠান 'সমুন্নয়' চালাচ্ছিলেন ড. আতিউর। তার আগে ছিলেন বাংলাদেশ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট স্টাডিজের (বিআইডিএস) রিসার্চ ফেলো। ১৯৮৩ সালে বিআইডিএসে যোগ দেয়ার আগে ছাত্রাবস্থায়ই ১৯৭৫ সালে বাংলাদেশ পর্যটন কর্পোরেশনে প্ল্যানিং অফিসার হিসেবে কর্মজীবন শুরু করেন তিনি।